

Traduzione e rielaborazione sintetica del documento UFFICIALE inviato dall'USL Toscana

USL TOSCANA থেকে অফিসিয়ালভাবে পাঠানো ডকুমেন্টের অনুবাদ ও সংক্ষিপ্তসার

Nota: il seguente testo è una sintesi redatta al solo scopo esemplificativo e non ha nessun valore ufficiale. Per qualsiasi altro scopo sarà necessario far riferimento al documento inviato dall'USL

বি. দ্র. - এই ডকুমেন্টের পাঠ্যাংশ শুধুমাত্র উদাহারণস্বরূপ বুঝিয়ে বলার জন্য একটি সারসংক্ষেপমাত্র এর কোনো অফিসিয়াল মূল্য নেই । যে কোনো ধরনের কাজে ব্যবহারের জন্য USL থেকে পাঠানো আসল ডকুমেন্টের উল্লেখ করা প্রয়োজন ।

Oggetto: Misure contro la diffusione del Covid -19

বিষয় : কোভিড- ১৯ এর বিস্তার রোধে ব্যবস্থাপনা

Viste le recenti disposizioni normative nazionali per contrastare la diffusione del Covid -19 , preso atto che suo figlio/figlia risulta aver avuto un contatto con un caso PROBABILE/CONFERMATO di malattia infettiva da Covid -19

কোভিড - ১৯ ভাইরাসের প্রতিরোধে দেশের বর্তমান সরকারীব্যবস্থা অনুসারে দেখা গেছে যে আপনার ছেলে বা মেয়ে একজন কোভিড - ১৯ ভাইরাস দ্বারা আক্রান্ত বা আক্রান্ত হবার সম্ভাবনাময় ব্যক্তির সংস্পর্শে এসেছে ।

SI PRESCRIVE

তাই যা করতে হবে

nei suoi confronti la misura della **quarantena domiciliare** fino al giornoo fino al giorno..... (10 giorni dall'ultimo contatto e in presenza di test molecolare o antigenico negativo).

আপনার ছেলে বা মেয়েকে তাই গৃহবন্দী অবস্থায় এই দিন পর্যন্ত -----বা এই দিন পর্যন্ত -----(শেষ কোভিড- ১৯ রুগীর সংস্পর্শে আসার ১০ দিন পর মলিউকুলার টেস্ট করতে হবে বা অ্যান্টিজেনিক টেস্ট করতে হবে যার রিপোর্ট নেগেটিভ হতে হবে) ।

QUARANTENA DOMICILIARE

গৃহবন্দী অবস্থা সম্পর্কিত :-

- Evitare di spostarsi dalla propria abitazione
- নিজের বাসার বাইরে কোনোভাবেই না যাওয়া
- Obbligo di rispondere all'eventuali telefonate del personale sanitario addetto
- স্বাস্থ্যদপ্তর থেকে যে সমস্ত ফোন আসবে তার উত্তর দেওয়া বাধ্যতামূলক
- Comunicare ogni mutamento delle condizioni cliniche con comparsa di sintomi al proprio medico curante
- যে কোনো রকম উপসর্গ দেখা দিলে পরিবারের ডাক্তারের সাথে, সাথে সাথে যোগাযোগ করতে হবে

E' necessario inoltre osservare scrupolosamente le seguenti misure igieniche:

তাছাড়াও খুব ভালোভাবে লক্ষ্য রাখতে হবে পরিষ্কার পরিচ্ছন্নতার দিকে :

- Igienizzare spesso le mani con acqua e sapone o soluzioni alcoliche
- হাত কে মাঝেমাঝেই পানি ও সাবান দিয়ে বা অ্যালকোহলযুক্ত তরলদ্রব্য দিয়ে জীবাণুনাশ করতে হবে
- Starnutire o tossire in un fazzoletto monouso o con il gomito flesso, gettare i fazzoletti utilizzati in un cestino, che va chiuso immediatamente dopo l'uso e lavare le mani
- হাঁচি বা কাশি হলে একবার ব্যবহারযোগ্য কাগজ বা রুমাল মুখে চাপা দিতে হবে । যে কাগজ বা রুমাল ব্যবহার করা হবে তা ময়লা ফেলার জায়গায় ফেলতে হবে , কিন্তু ময়লাফেলার জায়গা সাথে সাথে ঢেকে দিতে হবে ব্যবহার করার পর আর হাত ভালো করে ধুয়ে নিতে হবে
- Areare spesso gli ambienti per favorire il ricambio d'aria
- বাসায় বাতাস চলাচল করতে দিতে হবে যাতে বন্ধ ঘরের বাতাস বাইরে বেরোতে পারে আর শুদ্ধ বাতাস ঘরে ঢুকতে পারে

- Indossare una mascherina chirurgica
- সার্জিকাল মাস্ক পরে থাকতে হবে
- Pulire accuratamente le superfici
- ভালো করে যে কোনো জায়গার পৃষ্ঠতল পরিষ্কার করতে হবে
- Controllare 2 volte al giorno, mattina e sera, la temperatura corporea ed osservare l'eventuale comparsa di sintomi (febbre, tosse, mal di gola, disturbi respiratori, dolori muscolari, diarrea, alterazione del gusto, diminuzione dell'olfatto, congestione nasale)
- সকাল ও সন্ধ্যায় দুবার করে শরীরের তাপমাত্রা মাপতে হবে আর লক্ষ্য রাখতে হবে যে (জ্বর , কাশি , গলায় ব্যাথা , নিঃশ্বাস নিতে কষ্ট , পেশীতে ব্যাথা , ডাইরিয়া , খাওয়ার স্বাদের তারতম্য , গন্ধ কম পাওয়া , নাক বন্ধ হয়ে যাওয়া) এই উপসর্গের মধ্যে কিছু দেখা যাচ্ছে নাকি ।

Qualora si manifestassero i sintomi sopra citati si deve chiamare immediatamente il medico curante.

ওপরের উপসর্গের মধ্যে কোনো একটা দেখা দিলেই পরিবারের ডাক্তারকে সাথে সাথে ফোন করতে হবে

Trascorso il periodo di quarantena di 14 giorni (o di 10 giorni con test antigenico o molecolare negativo) in assenza di sintomi, si potrà riprendere la frequenza della collettività senza alcuna comunicazione da parte dell'igiene pubblica.

১৪ দিন গৃহবন্দী থাকার পর (অথবা ১০ দিন পর অ্যান্টিজেনিক টেস্ট বা মলিউকুলার টেস্ট নেগেটিভ হলে) এবং কোনোরকম উপসর্গ না থাকলে আবার অনেকের সাথে একসাথে যোগ দেওয়া যাবে এক্ষেত্রে পাবলিক হাইজিন দপ্তরের কোনো কাগজ লাগবেনা ।